

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর,  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৭.০১১.০০.০০.০১৮.২০১৫(অংশ-১)-১৪৩

তারিখ : ২৯ আষাঢ় ১৪২৪  
১৩ জুলাই ২০১৭

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর ৫ম গ্রেডের “কারিকুলাম বিশেষজ্ঞ” পদে সরাসরি নিয়োগের জন্য মৌখিক পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর ৫ম গ্রেডের “কারিকুলাম বিশেষজ্ঞ” পদে সরাসরি নিয়োগের জন্য নিম্নবর্ণিত রেজিঃ নম্বরধারী প্রার্থীদের মৌখিক পরীক্ষা নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	রেজিস্ট্রেশন নম্বর
০৭.০৮.২০১৭ সোমবার সময়-১০.০০ টা	000002 000038 000051 =3 জন

২. “কারিকুলাম বিশেষজ্ঞ” পদের প্রার্থীদের নামে নতুন করে সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। প্রার্থীর মৌখিক পরীক্ষার প্রবেশপত্র কমিশনের ওয়েব সাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) অথবা টেলিটকের ওয়েবসাইট <http://bpsc.teletalk.com.bd> থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ছাড়া মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৩. প্রার্থীদের সকল শিক্ষাগত যোগ্যতার সনদের মূলকপি, জাতীয় পরিচয়পত্র, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত মূল ছাড়পত্রের কপি, মৌখিক পরীক্ষার প্রবেশপত্র অবশ্যই আনতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণ মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

৪. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মূল আবেদনপত্রের (বিপিএসসি ফরম-৩) ০১ সেট কমিশনের ওয়েব সাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপিসহ মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।

৫. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

- ❖ পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- ❖ চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)  
(যুগ্ম-সচিব)।